যুগান্তর

MAR. 02 2001

তারিখ ...
পৃষ্ঠা ... কলাম ...

# রাজশাহী বোর্ডে এ বছর প্রায় পৌনে ৩ লাখ ছাত্রছাত্রী এসএসসি পরীক্ষায় অংশ নিচ্ছে

উত্তম কুমার দাস, *রাজশাহী থেকে*

রাজশাহী শিক্ষাবোর্ডের অধীনে এবার রেকর্ডসংখ্যক ২ লাখ ৭৩ হাজার ৩৬৭ জন পরীক্ষার্থী অংশ নিচ্ছে। আগামী ১৫ মার্চ থেকে এই পরীক্ষা শুরু হবে।

নকলমুক্ত পরিবেশে সুষ্ঠুভাবে পরীক্ষা অনুষ্ঠানে বোর্ড কর্তৃপক্ষ ব্যাপক পদক্ষেপ গ্রহণ করেছে। এর বাস্তবায়ন ইতিমধ্যে শুরুও হয়েছে। সংশ্লিষ্ট সূত্রে জানা গেছে, বোর্ডের মোট পরীক্ষার্থীর মধ্যে ২ লাখ ৪৯ হাজার ১৭৯ জন নিয়মিত। এর মধ্যে ১ লাখ ১২ হাজার ৭২৬ জন ছাত্রী। বিশেষ পরীক্ষার্থীর (এক বিষয়ে গতবার অকৃতকার্য) সংখ্যা ২৪ হাজার ১৮৮ জন)। এর মধ্যে ১ হাজার ৮১৪ জন ছাত্রী। বোর্ডের অধীন এবার কেন্দ্রসংখ্যা ২১২টি। বিদ্যালয় সংখ্যা ৪ হাজার ১৪১টি। বোর্ডের উপপরীক্ষা নিয়ন্ত্রক (মাধ্যমিক) একেএম ফজলুর রহমান বুধবার যুগান্তরকে জানান, নকলমুক্ত ও সুষ্ঠুভাবে পরীক্ষা গ্রহণে বেশকিছু পদক্ষেপ নেয়া হয়েছে। এর মধ্যে কিছু ব্যতিক্রমী পদক্ষেপও রয়েছে। নকল রোধে একই কেন্দ্রের অধীন এক বিদ্যালয়ের ছাত্রছাত্রীদের অন্য প্রতিষ্ঠানে পরীক্ষা দিতে হবে। কোন বিদ্যালয়ের শিক্ষক-শিক্ষিকা তার নিজ প্রতিষ্ঠানের ছাত্রছাত্রী পরীক্ষা দিচ্ছে এমন কেন্দ্রে পরিদর্শক থাকতে পারবেন না।

এদিকে সুষ্ঠুভাবে পরীক্ষা অনুষ্ঠানে সহযোগিতা চেয়ে বোর্ড কর্তৃপক্ষ রাজশাহী বিভাগের ১৬ জেলা থেকে নির্বাচিত এমপি ও মন্ত্রীদের চিঠি দিয়েছেন। আগামী ৪ মার্চ রাজশাহীর জেলা প্রশাসক ও ইউএনওদের সঙ্গে বোর্ড কর্তৃপক্ষ সভা করবে। এরপর দিনাজপুর, বগুড়া, রংপুর ও পাবনা প্রভৃতি বৃহত্তর জেলায় এই সভা হবে। এছাড়া বোর্ড কর্তৃপক্ষ আগামী ৩ মার্চ রাজশাহীতে সব কেন্দ্র সচিবকে নিয়ে সভা করবে। এবার প্রথমবারের মতো রাজশাহীতে ছাত্রছাত্রীদের আলাদা কেন্দ্রে পরীক্ষা হবে।